

💵 হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ (ক) মহান স্রষ্টা বিষয়ক জাল হাদীস [স্রষ্টা, সৃষ্টি ও পূর্ববর্তী নবীগণ] রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আবুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৬. আমি গুপ্তভান্ডার ছিলাম

প্রচলিত একটি বানোয়াট কথা যা হাদীস নামে পরিচিত:

كُنْتُ كَنْزًا لاَ يُعْرَفُ فَأَحْبَبْتُ أَنْ أُعْرَفَ فَخَلَقْتُ الْخَلْقَ لأُعْرَفَ

"আমি অজ্ঞাত গুপ্তভান্ডার ছিলাম। আমি পরিচিত হতে পছন্দ করলাম। তখন আমি সৃষ্টিজগত সৃষ্টি করলাম; যেন আমি পরিচিত হই।"

ইতোপূর্বে বলেছি যে, প্রচলিত জাল হাদীসগুলো দু প্রকারের। এক প্রকারের জাল হাদীসের সনদ আছে এবং কোনো গ্রন্থে সনদসহ তা সংকলিত। সনদ নিরীক্ষার মাধ্যমে মুহাদ্দিসিগণ সেগুলোর জালিয়াতি ধরতে পেরেছেন। দ্বিতীয় প্রকারের জাল হাদীস যেগুলো কোনো গ্রন্থেই সনদসহ সংকলিত হয় নি। অথচ লোকমুখে প্রচলিত হয়ে গিয়েছে এবং লোকমুখের প্রচলনের ভিত্তিতে কোনো কোনো আলিম তার গ্রন্থে সনদ ছাড়া তা উল্লেখ করেছেন। এ প্রকারের সম্পূর্ণ অস্তিত্ববিহীন ও সনদবিহীন বানোয়াট একটি কথা এ বাক্যটি।

ফুটনোট

[1] ইবনু তাইমিয়া, আহাদীসুল কুস্পাস, পৃ. ৫৫; ইবনু আর্রাক, তানযীহ ১/১৪৮, মোল্লা কারী, আল-আসরার, পৃ ১৭৯।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=4756

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন